সলিল সাগরে



অধরা

|||

আশিস পাঠক

মৃত্যুর পরে কেটে গিয়েছে এক যুগ। তবু আজও বাঙালির সঙ্গীতচর্চায় বেঁচে আছেন সলিল চৌধুরী। মঞ্চে, সিডি-ক্যাসেটে যেমন নতুন করে রেকর্ড হচ্ছে তাঁর গান, তেমনই বেশ কিছু ওয়েবসাইটেও তাঁকে নিয়ে নিরন্তর চর্চা চলেছে। সেই ধারাতেই একটি সংযোজন www.salilda.com। এবং অভিনব এই সংযোজন।

অভিনব, কারণ, ‘দ্য ওয়র্ল্ড অব সলিল চৌধুরী’ নামের এই সাইটটি সলিল চৌধুরীর গানের প্রায় এক আর্কাইভ। সাইটটি তৈরি করেছেন হল্যান্ড-প্রবাসী এক বঙ্গসন্তান, গৌতম চৌধুরী। পেশায় আই-টি প্রযুক্তিবিদ। নেশা? সলিল চৌধুরী। “সেই বিশ্ববিদ্যালয়ে পড়ার দিনগুলো থেকেই আমি সলিল-ভক্ত। আশির দশকের প্রথম দিকে সলিলদার সঙ্গে পরিচিত হই। তাঁর মৃত্যু পর্যন্ত যোগাযোগ ছিল তাঁর সঙ্গে। ১৯৯৫-এ তাঁর মৃত্যুর তিন বছর পরে ঠিক করি তাঁকে নিয়ে একটি ওয়েবসাইট তৈরি করব। যেখানে থাকবে তাঁর সব গান, তাঁর এবং তাঁর গান সম্পর্কে সব তথ্য,” বললেন গৌতমবাবু।

কিন্তু মানুষ সলিল চৌধুরী? সে প্রসঙ্গ বাদ দিলে কি এক জন শিল্পীকে পুরো জানা যায়? সলিল চৌধুরীর ব্যক্তিজীবন সম্পর্কে কয়েকটি সাদামাটা তথ্য ছাড়া আর কিছুই নেই এই সাইটে। কেন? “আমি শিল্পীর কাজের প্রতিই বেশি আগ্রহী। তাঁর জীবন ঘিরে বিতর্কে নয়,” সাফ জবাব গৌতমবাবুর।

সেই আগ্রহেরই ফসল www.salilda.com। কী আছে এই সাইটে? ভূমিকা ইত্যাদি বাদ দিলে এ সাইটের মূল অংশ ভাগ করা চার ভাগে— নিউজ, সংস, আর্টিকল্‌স, পোয়েম্‌স। এর মধ্যে ‘সংস’ অর্থাৎ গানের বিভাগটিই সব থেকে গুরুত্বপূর্ণ। গণসঙ্গীত, আধুনিক বাংলা গান, বাংলা সিনেমার গান, সলিল চৌধুরীর লেখা গান, বাংলা ছাড়া অন্য ভাষায় সলিলবাবুর সুর দেওয়া গান, অন্য ভাষার ছবিতে গান, সিনেমার আবহসঙ্গীত, টিভি সিরিয়ালের সঙ্গীত— এমনই সব সূক্ষ্ম বিভাগে সাজানো এই অংশটি। গানগুলি সাজানো হয়েছে প্রথমে শিল্পী ধরে ধরে, পরে সৃষ্টির বছর ধরে ধরে। যেমন, সন্ধ্যা মুখোপাধ্যায়ের জন্য সলিল চৌধুরী যে সব গান তৈরি করেছিলেন সেগুলি এই সাইটে পাওয়া যাবে একসঙ্গে। জানা যাবে তার সৃষ্টির বছরটি এবং অন্য ভাষায় তৈরি হওয়া সে গানটির সূত্রও। এমনকী, বাংলা-হিন্দি তো বটেই, অন্যান্য ভাষারও বেশির ভাগ গানই শোনাও যাবে। এ ছাড়া সলিল চৌধুরী-সংক্রান্ত নানা রকম খবর, তাঁর লেখা ও তাঁকে নিয়ে লেখা প্রবন্ধ-নিবন্ধ, তাঁর লেখা কবিতা ইত্যাদিও যথাসম্ভব সংগ্রহ করে সাইটে দিয়েছেন গৌতমবাবু।

এবং এখনও দিচ্ছেন। গৌতম এবং আর এক সলিল অনুরাগী সমীরকুমার গুপ্ত গিয়েছিলেন সলিলবাবুর ছোটবেলার গ্রাম হরিনাভির মাহিনগরে, গানের খোঁজে। তা ছাড়া আই পি টি এ-র প্রথম দিককার সদস্যদের সঙ্গে যোগাযোগ করে তাঁরা খুঁজে বের করেছেন পঞ্চাশটিরও বেশি অপ্রকাশিত গান— সলিল চৌধুরীর লেখা অথবা সুর দেওয়া। চল্লিশের দশকের মাঝামাঝি আইপিটিএ-র জন্য গানগুলি তৈরি করেছিলেন সলিল। সাইটের ‘সংস অব কনশাসনেস অ্যান্ড অ্যাওয়েকেনিং’ বিভাগে সে সময়ের বেশ কিছু অচেনা গান দেওয়া হয়েছে।

কিন্তু অ-চেনা থেকে গেল সলিল চৌধুরীর বর্ণময় জীবনটাই। শিল্পে যেমন, তেমনই শিল্পীকে যে তাঁর জীবনচরিতেও পাওয়া যায়!



ydhury - Microsoft Internet Explorer
Tools Help
Search Favorites
com/
the World of Salil Chowdhury
introduction news songs articles poems site help

Welcome

For the last ten years or so I have been painstakingly trying to collect Salil's songs, his poems, his short-stories, his plays, all his films in video and anything else I could get hold of, such as articles about him, reviews about his music, interviews with him etc. I met Salilda for the first time in the early '80s and since then I have been quite fortunate to meet him regularly in India and abroad and got to know him quite well. To me he was an inspiration, a teacher, a friend and above all the most talented and complete music director India had. He was also a wonderful person to be with. Highly intelligent and a wonderful sense of humour. His music filled my life with joy and made it richer. Salilda has left us now but I tend to believe that he has just moved to a distant address. Seems like I can still communicate with him through his songs and feel that he is still around us.

Interested in discussing Salil Chowdhury with other fans? Join the discussion group!

Recent Updates

September 5 , 2007

Salilda left us on this very day twelve years ago. It seems only the other day that I was talking to him. All these years passed by but his memories are as strong as ever. Over the last twelve years we discovered over 45 unpublished Bengali songs. Most of these songs were composed in the '40s, a few as late as the '90s. Besides these priceless songs we discovered unpublished

Total Visitors so far

Salil Chowdhury - The Writer and the Poet

Not many people are aware that Salil was an exceptional writer. Even in Bengal, majority of the Bengalees do not know that he was a writer and a poet besides being a composer. When he composed a song in Bengali, he almost always wrote the lyrics. During the '40s and '50s his Bengali songs expressed his anti-colonial feelings, his love for the people of his country and the poor and oppressed landless peasants. His songs were revolutionary. After the independence, his lyrics very often expressed his deep feelings about the social injustice and the unfairness present in our society. He never wrote the typical romantic Bengali lyrics which were quite common in those days. One of his close friends was the then famous poet 'Sukanto Bhattyacharya'. Salil set some of his poems to music. These songs, like 'Runner' and 'Abaak Prithibi' have become part of the Bengali culture. Salil also wrote poetry. His poems are quite unusual in the sense that they are in one hand quite simple to read and on the other hand they are very direct and really hit you. In fact, his poems are like simple dialogs. He uses